তারিখ ... 11 MAY 2017
পৃষ্ঠা 2 ... কলাম 7

# একাদশে ভর্তিতে প্রতি ঘণ্টায় ছয় হাজার আবেদন

নিজস্ব প্রতিবেদক ▷

একাদশ শ্রেণিতে ভর্তিতে অনলাইনে প্রতি ঘণ্টায় প্রায় ছয় হাজার আবেদন পড়ছে। গত মঙ্গলবার দুপুর ২টা থেকে ভর্তি আবেদন শুরুর পর গতকাল বুধবার বিকেল ৫টা পর্যন্ত মোট প্রায় এক লাখ ৫৫ হাজার আবেদন জমা পড়েছে। এর মধ্যে অনলাইনে আবেদন পড়েছে এক লাখ ২৭ হাজার এবং এসএমএসে ২৮ হাজার।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, অনলাইনে শিক্ষার্থীরা একবারে ১০টি কলেজ পছন্দ করতে পারছে। ফি দিতে হচ্ছে ১৫০ টাকা। অন্যদিকে এসএমএসের ক্ষেত্রে প্রতি কলেজে আলাদাভাবে আবেদন করতে হয়। সে ক্ষেত্রে প্রতি কলেজের জন্য ফি দিতে হয় ১২০ টাকা। এ কারণে এসএমএসের চেয়ে অনলাইনে আবেদনে শিক্ষার্থীদের আগ্রহ বেশি।

আবেদনের ভুলত্রুটি নিয়ে ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন কালের কণ্ঠকে বলেন, 'ছোটখাটো ভুল হলে ভয়ের কিছু নেই। আমরা কয়েক দিন পরই সুযোগ দিব এসব ভুলত্রুটি সংশোধনের। তখন শিক্ষার্থীরা পিন নম্বরের মাধ্যমে নিজ আবেদনে গিয়ে ভুল সংশোধন করতে পারবে।'

ড. আশফাকুস সালেহীন বলেন, 'শিক্ষার্থীরা ১০টি কলেজ পছন্দে রাখতে পারছে। কিন্তু দেখা যায়, অনেকেই পাঁচটি পছন্দ করেই শেষ করেছে। আবার যেগুলো পছন্দ করেছে সেগুলো সবারই পছন্দ। এভাবে পছন্দ করলে অনেকেই প্রথম ধাপে নির্বাচিত হতে পারবে না। তাই আমার পরামর্শ থাকবে, শিক্ষার্থীরা যেন ১০টি কলেজই পছন্দ করে। কেউ যদি প্রথম পর্যায়ে পছন্দমতো কলেজে সুযোগ না পায় তাহলেও কোনো সমস্যা নেই। মাইগ্রেশনের মাধ্যমে তার অন্য কলেজে যাওয়ারও সুযোগ রয়েছে।'

আন্তশিক্ষা বোর্ড সূত্র জানায়, ২৬ মে পর্যন্ত আবেদনের সুযোগ পাবে শিক্ষার্থীরা। তাদের মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজ নির্বাচন করে দেবে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড। ৫ জুন প্রথম পর্যায়ে, ১৩ জুন দ্বিতীয় পর্যায়ে এবং ১৮ জুন তৃতীয় পর্যায়ের নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ করা হবে। ২০ থেকে ২২ জুন এবং ২৮ থেকে ২৯ জুন দুই দফায় শিক্ষার্থীদের ভর্তি হতে হবে। ক্লাস শুরু হবে ১ জুলাই। এবারের এসএসসি ও সমমানের পরীক্ষায় ১৪ লাখ ৩১ হাজার ৭২২ জন শিক্ষার্থী পাস করেছে। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে এক লাখ চার হাজার ৭৬১ জন। এবারের উত্তীর্ণরা ছাড়াও ২০১৫ ও ২০১৬ সালে মাধ্যমিক পাস করা শিক্ষার্থীরা একাদশ শ্রেণিতে ভর্তি হতে পারবে।